

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৫৩

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)
পরিচ্ছেদঃ আমাদের কিবলার অনুসরণকারী প্রত্যেক মুসলিম ব্যক্তির উপর জানাযার সালাত আদায় করা বৈধ, যদিও
তার ঋণ থাকে

ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ الصَّلَاةَ عَلَى كُلِّ مُسْلِمٍ مَاتَ مِنْ أَهْلِ الْقِبْلَةِ وَإِنْ كَانَ عَلَيْهِ دين

আরবী

3053 - أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنَ عَبْدِ اللَّهِ قَالَ: عَبْدُ الرَّزَّاقِ قَالَ: أَخْبَرَنَا مَعْمَرٌ عَنِ الزُّهْرِيِّ عَنْ أَبِي سَلَمَةً عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا يُصَلِّي عَلَى رجل مَاتَ وَعَلَيْهِ دِينٌ فَأْتِي بِمَيِّتٍ كَانَ رَسُولُ اللَّهِ مَنْ يَنْنٌ) فَقَالُوا: نَعَمْ دِينَارَانِ فَقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (صَلُّوا عَلَى صَاحِبِكُمْ) فَقَالَ أَبُو قَتَادَةً: هُمَا عَلَيَّ يَا رَسُولَ اللَّهِ فَصَلَّى عَلَيْهِ فَلَمَّا فَتَحَ اللَّهُ عَلَى صَاحِبِكُمْ) فَقَالَ أَبُو قَتَادَةً: هُمَا عَلَيَّ يَا رَسُولَ اللَّهِ فَصَلَّى عَلَيْهِ فَلَمَّا فَتَحَ اللَّهُ عَلَى مَا حَبِكُمْ وَمَن ترك مالاً فَلُورَتَتِهِ) رَسُولِهِ قَالَ: (أَنَا أَوْلَى بِكُلِّ مؤمنٍ مِنْ نَفْسِهِ فَمَنْ تَرَكَ ديناً فعليَّ ومن ترك مالاً فَلورَتَتِهِ) الراوي : أَبُو قَتَادَةَ المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الراوي : أَبُو قَتَادَةَ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الصان على صحيح ابن حبان الصفحة أو الرقم: \$305 ا خلاصة حكم المحدث: صحيح – ((أحكام الجنائز)) (ص

বাংলা

৩০৫৩. আবূ কাতাদাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে সালাত আদায় করার জন্য একটি জানাযা আনা হলো। তখন তিনি বলেন, "তার কি ঋণ আছে?" লোকজন বললো, "জ্বী, হ্যাঁ। দুই দীনার ঋণ আছে।" তিনি জিজ্ঞেস করলেন, "তা পরিশোধ করার জন্য কি সহায়-সম্পদ রেখে গেছে?" জবাবে তারা বললেন, "জ্বী, না।" তখন তিনি বলেন, "তোমরা তোমাদের সঙ্গীর জানাযার সালাত আদায় করে নাও।"

তখন আবূ কাতাদাহ রাদিয়াল্লাহু আনহু বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, সেটা পরিশোধ করার দায়িত্ব আমি নিয়ে নিলাম।" তারপর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার জানাযার সালাত আদায়



করেন।

তারপর যখন মহান আল্লাহ তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বিভিন্ন বিজয় দান করলেন, তখন তিনি বলেন, "আমি প্রত্যেক মুমিনের জন্য তার নিজের চেয়েও বেশি নিকটবর্তী। কাজেই যে ব্যক্তি কোন ঋণ রেখে (মারা) যায়, তা পরিশোধ করার দায়িত্ব আমার আর যে ব্যক্তি কোন সম্পদ রেখে (মারা) যায়, সেটা তার উত্তরাধিকারীদের জন্য।" [1]

ফুটনোট

[1] নাসাঈ: ৪/৬৫; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৫২৫৭; আবূ দাউদ: ৩৩৪৩; সুনান বাইহাকী: ৬/৭৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আহকামুল জানাইয়: ২৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবু কাতাদাহ আল-আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন